# নবী-রাসূলগণের দা‘ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা‘ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل)

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

১৭। সকল কাজে ইখলাছ-নিষ্ঠতা বজায় রাখা (الإخلاص في جميع الأمور)

আল্লাহ তা‘আলা বলেন:

(إِنَّا أَنْزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ فَاعْبُدِ اللَّهَ مُخْلِصًا لَهُ الدِّينَ (2) أَلَا لِلَّهِ الدِّينُ الْخَالِصُ) ... [الزمر: 2 ـ 3].

‘নিশ্চয় আমি তোমার কাছে সত্য সহকারে এই কিতাব নাযিল করেছি; অতএব আল্লাহর ‘ইবাদত কর, তাঁরই আনুগত্যে একনিষ্ঠ হয়ে। (২) জেনে রেখ! আল্লাহর জন্যই বিশুদ্ধ ইবাদত-আনুগত্য’ (সূরা আয-যুমার: ২-৩)।

আল্লাহ তা‘আলা আরও বলেন:

(هُوَ الْحَيُّ لَا إِلَهَ إِلَّا هُوَ فَادْعُوهُ مُخْلِصِينَ لَهُ الدِّينَ الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ (65)) [غافر: 65].

‘তিনি চিরঞ্জীব, তিনি ছাড়া কোন সত্য ইলাহ নেই। সুতরাং তোমরা দ্বীনকে তাঁর জন্য একনিষ্ঠ করে তাঁকে ডাক। সকল প্রশংসা আল্লাহর, যিনি জগতসমূহের রব’ (সূরা গাফের: ৬৫)। আল্লাহ তা‘আলা আরও বলেন:

(وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ وَيُقِيمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا الزَّكَاةَ وَذَلِكَ دِينُ الْقَيِّمَةِ (5)) [البينة: 5].

‘আর তাদেরকে কেবল এই নির্দেশ দেয়া হয়েছিল যে, তারা যেন আল্লাহর ইবাদত করে, তাঁরই জন্য দ্বীনকে একনিষ্ঠ করে,ছালাত কায়েম করে এবং যাকাত দেয়; আর এটিই হল সঠিক দ্বীন’ (সূরা বাইয়্যিনা: ৫)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9358

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন